

জাতীয়

স্টার্টআপ উদ্যোক্তাদের ৫ কোটি টাকা পর্যন্ত সহায়তা দেবে সরকার: প্রধানমন্ত্রী



প্রতিবেদক: প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



স্টার্টআপ খাতে নতুন উদ্যোক্তাদের সহায়তায় সরকার সর্বোচ্চ ৫ কোটি টাকা পর্যন্ত অর্থায়ন করবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, এ খাতের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) মন্ত্রণালয়ে ৫০০ কোটি টাকার বাজেট রাখা হয়েছে।

মঙ্গলবার (১৪ জুলাই) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত ঐতরুণ্য, স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ শীর্ষক অনুষ্ঠানে তিনি এ ঘোষণা দেন।

প্রধানমন্ত্রী বলেন, একজন স্টার্টআপ উদ্যোক্তার প্রকল্পের ধরন ও সম্ভাবনা বিবেচনায় ৫ লাখ টাকা থেকে সর্বোচ্চ ৫ কোটি টাকা পর্যন্ত সহায়তা দেওয়া হবে। নিরপেক্ষ একটি কমিটি প্রকল্প মূল্যায়ন করে অর্থায়নের সিদ্ধান্ত নেবে।

তিনি জানান, এ কমিটিতে কোনো মন্ত্রী বা উপদেষ্টা থাকবেন না। স্বচ্ছ ও নিরপেক্ষভাবে প্রকল্প যাচাই করে যোগ্য উদ্যোক্তাদের অর্থায়ন

নিশ্চিত করা হবে।

তারেক রহমান আরও বলেন, অনেক সম্ভাবনাময় উদ্যোক্তা ব্যাংক ঋণের জন্য প্রয়োজনীয় জামানত বা কাগজপত্রের শর্ত পূরণ করতে পারেন না। সেই বাধা দূর করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।


প্রধানমন্ত্রী বলেন, কোনো স্টার্টআপ প্রথমবার সফল না হলেও প্রকল্পে সম্ভাবনা থাকলে দ্বিতীয়বারও আর্থিক সহায়তার সুযোগ থাকবে।

এর আগে সকাল ১০টার দিকে প্রধানমন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পৌঁছালে ছাত্রদের নেতাকর্মীরা তাকে স্বাগত জানান। সরকার গঠনের পর এটি প্রধানমন্ত্রী হিসেবে তার দ্বিতীয় ঢাকা বিশ্ববিদ্যালয় সফর।

এ বিভাগের আরও খবর



মেরুলে রাজউকের ১১ একর জমি ২১ বছর ধরে দখলে, নেই উদ্ধার উদ্যোগ
রাজধানীর মেরুল বাড্ডায় মূল সভূক্তের পাশে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) ১১ একর জমি ২১ বছর ধরে দখলে রয়েছে। রাজউকের নথি অনুযায়ী, জমিটির বর্তম...



জিয়াউর রহমানের আদর্শে শিশুদের সুনামগরিক হওয়ার আহ্বান
শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ ধারণ করে শিশুদের দেশশ্রেমিক ও সুনামগরিক হিসেবে গড়ে ওঠার আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও স...



আগুন ও যান্ত্রিক ত্রুটিতে বড়পুকুরিয়ার দুই ইউনিট বন্ধ
দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রের চালু থাকা ১ ও ৩ নম্বর ইউনিট বন্ধ হয়ে গেছে। অগ্নিকাণ্ড ও যান্ত্রিক ত্রুটির কারণে ইউনিট...



ঢাকায় বৃষ্টির আভাস নেই, বাড়তে পারে তাপমাত্রা
রাজধানী ঢাকা ও আশপাশের এলাকায় বহুসহ বৃষ্টির সম্ভাবনা নেই। তবে আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলা থাকতে পারে। একই সঙ্গে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকত...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/startup-udjoktader-5-koti-taka-prjnt-shayta-debe-srkar-prdhanmtri>